কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত
করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

হলি ডে
হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী ।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"এই যুগ" অফিসে।
ফোন নং: 9062867921 ।

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746
PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]
HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 17 JANUARY 2026 ,SATURDAY | ১৭ জানুয়ারি ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-49

## শিলিগুড়িতে মহাকাল মন্দিরের শিলান্যাস করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৬ জানুয়ারি : নতুন বছরের প্রথমেই তিনদিনের উত্তরবঙ্গ সফরে এলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি শুক্রবার শিলিগুড়ির অদূরে চাঁদমনিতে মহাকাল মন্দিরের শিলান্যাস করেন। এদিন মহাকাল মন্দিরের শিলান্যাস করে মুখ্যমন্ত্রী জানান চাঁদমনিতে আঠারো একর জমিতে নির্মান হবে মহাকাল মহাতীর্থ মন্দির। এটি হবে বিশ্বের অন্যতম বড়ো শিব মন্দির। এই মন্দির নির্মান হলে উত্তরের ধর্মীয় পর্যটন শিল্পে গতি আসবে বলেও তিনি মন্তব্য করেন। তিনি জানান মন্দির নির্মানের জন্য একটি ট্রাস্ট গঠন করা হয়েছে। মন্দির এর নির্মান কাজ শেষ হতে দু থেকে আড়াই বছর সময় লাগবে। মন্দিরে নির্মিত হবে দুশো ষোলো ফুট দীর্ঘ ব্রোঞ্জের মহাকাল মুর্তি, মূল মুর্তিটি একশো আট ফুট ও তার ভিত্তি বেদী হবে একশো আট ফুট। মন্দিরে থাকবে একটি হল ঘর, মিউজিয়াম, সহ পুজারীদের থাকার জায়গা, প্রসাদ বিতরন হল ও আনুষঙ্গিক আরও অনেক সুবিধা। এখানে একটি আন্তর্জাতিক কনভেনশন সেন্টার গড়ে তোলার জন্য আগ্রহী সংস্থাকে বিনা মূল্যে জমি দেওয়া হবে যা পরবর্তীতে একটি বানিজ্য কেন্দ্রে পরিনত হবে। মন্দিরটি ধর্মীয়, সাংস্কৃতিক ও সামাজিক ঐতিহ্যের প্রতীক রূপে গড়ে উঠবে বলেও জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## বন্দে ভারত স্লিপার এক্সপ্রেসের শুভ সূচনা নিয়ে অনুষ্ঠান




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : শনিবার বন্দে ভারত স্লিপার এক্সপ্রেস ও অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের শুভ সূচনা হচ্ছে। আলিপুরদুয়ার জেলার নিউ আলিপুরদুয়ার, আলিপুরদুয়ার জংশন ও হাসিমারা এই তিন জায়গায় রেলের পক্ষ থেকে অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে। নতুন এই ট্রেন চালু হওয়ায় খুশি এলাকার বাসিন্দারা। আলিপুরদুয়ার বাসী নতুন ট্রেন পেতে চলেছে। আগামীকাল বিভিন্ন স্টেশনে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে রেলের পক্ষে আজ জানানো হয়েছে।

## রবীন্দ্র সংগীতের পাশাপাশি ডিজে শুনানোর নিদান দিলেন অভিষেক



গোপাল যাদব, এই যুগ ,মেদিনীপুর ,১৬ জানুয়ারি : বিজেপি নেতাদের 'গান' শোনানোর পরামর্শ দিলেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। বিজেপি নেতাদের ডিজের পাশাপাশি রবীন্দ্র সংগীত শোনানোর নির্দেশ দিয়েছেন তিনি।এদিন মেদিনীপুরের সভামঞ্চ থেকে দলীয় কর্মীদের উদ্দেশ্যে ডায়মন্ড-হারবারের তৃণমূল সাংসদ বিজেপি নেতাদের 'দাওয়াই' দেওয়ার পরামর্শ দিয়েছেন তা বলার অপেক্ষা রাখে না। কবে কবে শোনানো হবে গান, সে কথাও বলেছেন তিনি। তৃণমূল সাংসদ এ দিন বুথে অর্থাৎ তৃণমূল স্তরে যে সকল কর্মীরা রাজনীতি করেন তাঁদের প্রসঙ্গ তুলেছেন। প্রথমে মঞ্চে এসে তিনি জানতে চান, কারা-কারা বুথে বসেন। এরপর সকলে হাত তোলেন। তারপরই অভিষেক বাঁকুড়ার তাংলডাঙরার ঘটনার উদাহরণ দেন। তিনি বলেন, "বাঁকুড়ায় ফর্ম ৭ ভর্তি গাড়ি আটকেছি আমরা। কলকাতায় করতে এসেছিল আমরা রুখেছি।"তিনি বলেন, "দশটার বেশি বৈধভাবে ফর্ম জমা দেওয়া যায় না। ফর্ম জমা দেওয়ার তারিখ ছিল কাল। যেহেতু বিজেপি পারেনি,তাই সময় বাড়িয়েছে।"এরপর ফের সকলের উদ্দেশে আবেদন করে তৃণমূল সাংসদ বলেন, "বুথে রাজনীতি করো মন দিয়ে আমার কথা শোনো... যদি দেখো বিজেপির কর্মকর্তা চলতি মাসের ১৬-১৭-১৮-১৯ তারিখ ইআরও অফিসে ফর্ম জমা দিতে আসে দশটার বেশি, তাহলে রবীন্দ্র সংগীতের সঙ্গে ডিজে বাজিয়ে ডিজেও শোনাবে ভদ্রভাবে।

## উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের ছয়টি ভলভো স্লিপার বাসের ভার্চুয়ালি উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী




নিজস্ব সংবাদদাতা, এই যুগ ,কোচবিহার, ১৬ জানুয়ারি : উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের ছয়টি ভলভো স্লিপার বাসের ভার্চুয়ালি উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন শিলিগুড়ি থেকে ভার্চুয়ালি এই বাস গুলির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী কোচবিহার সেন্ট্রাল বাস টার্মিনাসে এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায়, কোচবিহারের জেলাশাসক রাজু মিশ্র, জেলা পুলিশ সুপার সন্দীপ কাররা, কোচবিহার পৌরসভার প্রক্তন চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ সহ বিশিষ্ট অতিথিগন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায় জানান বাসগুলি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর উদ্যোগে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম পেয়েছে, বাস গুলির জন্য ব্যয় হয়েছে এগারো কোটি ছত্রিশ লক্ষ টাকা। বাসগুলি কোচবিহার থেকে কলকাতা এবং দীঘা রুটে চালানো হবে। এই বাসগুলির মাধ্যমে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম আরও উন্নত।যাত্রী পরিষেবা প্রদান করতে সক্ষম হবে বলেও তিনি মন্তব্য করেন।

# লজিক্যাল ডিসক্রেপেন্সির নামে অহেতুক হয়রানি বন্ধের দাবিতে রাজ্যের সিইও দপ্তরে ডেপুটেশন দিল আইএসএফ



এই যুগ , কলকাতা, ১৬ জানুয়ারি : রাজ্যে চলছে জোর কদমে SIR এর শুনানির কাজ । এই শুনানি ঘিরে উঠেছে হেনস্থার অভিযোগ। খসড়া তালিকায় নাম ওঠার পরও ভোটার দের ডাকা হচ্ছে লজিক্যাল ডিসক্রেপেন্সির নামে । লজিক্যাল ডিসক্রেপেন্সির নামে অহেতুক হয়রানি বন্ধের দাবিতে শুক্রবার বিধায়ক নওশাদ সিদ্দিকীর নেতৃত্বে ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ডেপুটেশনে দিল । ডেপুটেশনের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকী জানান - রাজ্যে বহু ভোটারদের লজিক্যাল ডিসক্রেপেন্সির নামে অহেতুক হয়রানি করা হচ্ছে। কারোর বাবার বয়সের ফারাক খুজছে , কোথাও আবার নামের বানান ভুল দেখে তাদের কে শুনানির জন্য ডাকা হচ্ছে। এতে বহু মানুষ হেনস্থার শিকার হচ্ছে । উল্লেখ্য ,খড়সা তালিকায় নাম ওঠার পর বহু ভোটার কে লজিক্যাল ডিসক্রেপেন্সির নামে শুনানি তে ডাকা হচ্ছে। কারোর নামের বানান ভুল ,কারোর বয়েসের সমস্যা ।এই শুনানির আতঙ্কে মৃত্যু ও হয়েছে বহু জেলায়। এদিন নওশাদ সিদ্দিকী ছাড়াও আইএসএফ এর রাজ্য নেতৃত্ব উপস্থিত ছিল ।

# অবৈধ গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান পুলিশের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৬ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের জটেশ্বর ফাঁড়ির পুলিশ শুক্রবার ফাঁড়ি এলাকার অধীন ক্ষীরেরকোট এলাকায় অবৈধ গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান চালায়। জানা গেছে নির্দিষ্ট সূত্র মারফত পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার পুলিশ এই অভিযান চালিয়ে আইনগত পদ্ধতি মেনে চাষের জমিতেই গাঁজা গাছ গুলি কেটে জড়ো করে আগুন জ্বালিয়ে পুড়িয়ে ধ্বংস করে দেয়। মাদক মুক্ত সমাজ গঠন ও যুব সমাজকে মাদকের কুপ্রভাব থেকে মুক্ত করার জন্য সাধারন মানুষদের এগিয়ে এসে এই অভিযানে সহায়তার আবেদন জানানো হয় পুলিশের পক্ষ থেকে। পুলিশ জানায় মাদকের বিরুদ্ধে অভিযান লাগাতার চলবে।

# বাইক চালকের মৃত্যু হলো হাতির পায়ে পিষ্ট হয়ে প্রকাশ্য দিবালোকে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : দিনের বেলাতেই চিলাপাতা জঙ্গলের রাস্তায় দাঁড়িয়ে গজরাজ। হটাৎ করে হাতিটি রাস্তায় দাঁড়িয়ে পড়ায় নিজের মোটরবাইকে কোনও রকম ব্রেক কষতে পারেননি বাপি রাম নামের এক ব্যক্তি। তাকে সামনে পেয়েই তুলে আছাড় দিল হাতি। এরপরেই মৃত্যুর কোলে ঢোলে পড়লেন বাপি রাম। শুক্রবার দুপুরে চিলাপাতা জঙ্গলের মধ্য দিয়ে যাওয়ার সময় হাতির আক্রমণে মৃত্যু হয়েছে বাপি রামের। এই ঘটনায় এলাকায় ব্যাপক উদ্বেগের সৃষ্টি হয়েছে। নিহত ব্যক্তি বাপি রাম। তিনি শিলবাড়ি হাটের বাসিন্দা।এই ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয় সূত্র এবং পুলিশের তথ্য অনুযায়ী, বাপি রাম তার বাইক সার্ভিসিং করাতে হাসিমারাতে এসেছিলেন এদিন সকালে।তিনি তার বাইক সার্ভিসিং করে বাড়ি ফিরছিলেন। চিলাপাতা জঙ্গলের মধ্য দিয়ে যাওয়ার সময় হঠাৎ একটি বুনো হাতি জঙ্গল থেকে বেরিয়ে এসে রাস্তায় দাঁড়িয়ে পরে। বাপি রামকে দেখে হাতিটি তাকে আক্রমণ করে। ঘটনাস্থলেই তিনি পিষ্ট হয়ে মারা যান।ঘটনার খবর পেয়ে হাসিমারা ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতের দেহ উদ্ধার করে।পরে মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠানোর প্রক্রিয়া শুরু হয়। এই ঘটনার পর চিলাপাতা বনের মধ্য দিয়ে যাতায়াতকারীদের মধ্যে আতঙ্কে ছড়িয়েছে।

# জটেশ্বরে গাঁজা গাছ ধ্বংস করল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : বাড়িতে অবাধে চলছিলো গাঁজা চাষ। অবৈধভাবে গজিয়ে উঠা এই গাঁজার গাছ নষ্ট করতেও রেয়াত করল না পুলিশ। দা'য়ের কোপে কেটে দিল একের পর এক গাছ। ঘটনাটি ঘটেছে শুক্রবার দুপুরে ফালাকাটা ব্লকের জটেশ্বর দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের ক্ষীরেরকোট এলাকায়। জটেশ্বর ফাঁড়ির ওসি দেবাশীষ রঞ্জন দেবের নেতৃত্বে পুলিশ বাহিনী ক্ষীরেরকোট এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে রোপণ করা প্রায় ২০টি গাঁজা গাছ কেটে পুড়িয়ে সম্পূর্ণভাবে নষ্ট করা হয়। যদিও ঘটনায় কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। এ প্রসঙ্গে জটেশ্বর ফাঁড়ির ওসি দেবাশীষ রঞ্জন দেব জানান, আগামী দিনেও এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।

# আলিপুরদুয়ার কোর্ট চত্বর ধোঁয়ায় ঢেকে গেল রাতের অন্ধকারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : দূষণ ছড়াচ্ছে আলিপুরদুয়ার থানার সামনে প্যারেড গ্রাউন্ড থেকেই ।এমনটাই জানা গেছে এলাকার বাসিন্দাদের কাছ থেকে শুক্রবার রাত সাতটা নাগাদ। বিশ্ব ডুয়ার্স উৎসব শেষ হয়েছে আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে। ডুয়ার্স উৎসব শেষ হওয়ার পরেই রীতিমতো প্যারেড গ্রাউন্ডে গর্ত করে উৎসবের মাঠের নোংরা আবর্জনা ফেলানো হয়েছে। আর সেই আবর্জনায় আগুন দেওয়ার পরেই ধোঁয়ায় ঢেকে গেছে আলিপুরদুয়ার কোর্ট চত্বর রীতিমতো শ্বাসকষ্ট হচ্ছে বয়স্ক ব্যক্তিদের এমনটা অভিযোগ উঠেছে সাধারণ মানুষের কাছ থেকে।

# রেলগেটে আটকে রইলো অ্যাম্বুলেন্স ৩০ মিনিট



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : ব্যাপক হয়রানির শিকার হচ্ছেন বীরপাড়া এলাকার বাসিন্দারা রেল গেটের দরুন। শুক্রবার সন্ধ্যা সাড়ে পাঁচটা নাগাদ প্রায় ৩০ মিনিট ধরে আটকে থাকে অ্যাম্বুলেন্স রোগী নিয়ে। প্রতিনিয়ত সাধারন মানুষকে হয়রানি হতে হয় এই রেলগেটের দরুন। একদিকে রাজনৈতিক নেতারা ফ্লাইওভার তৈরির দাবি তুলছেন অন্যদিকে অপর রাজনৈতিক দলের নেতারা বলছেন জমি অধিগ্রহণ হচ্ছে না। রাজনৈতিক নেতাদের টানা পূরণে বীরপাড়ার বাসিন্দারা হয়রানি হচ্ছেন।

# প্রানে বাঁচলেন পিকনিক থেকে ফেরার সময় ৪০ জন যাত্রী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : পিকনিক থেকে ফেরার সময় নিয়ন্ত্রণ হারিয়ে চিলাপাতা জঙ্গলে ঢুকে গেল বাস। ধাক্কা খেল একটি বড় গাছের সঙ্গে। খুশির মুহূর্ত বদলে গেল কান্নায়। জঙ্গল থেকে একাধিক মানুষের আর্তনাদ শুনে বনকর্মীরা এলেন তাঁদের উদ্ধার করতে।জলদাপাড়া বনবিভাগের কোদালবস্তি এবং চিলাপাতা রেঞ্জ অফিসের বনকর্মীদের যৌথ প্রচেষ্টায় উদ্ধার করা গেল আটকে পড়া যাত্রীদের।জানা যায় এদিন দলসিংপাড়া থেকে পিকনিক করে চিলাপাতা জঙ্গলের রাস্তা দিয়ে কোচবিহারের খাগড়াবাড়ি ফিরছিল বাসটি। এই বাসে ছিল ৪০ জন যাত্রী। যার মধ্যে ১৭ জন নানান বয়সী শিশু ছিল। চিলাপাতা জঙ্গলে হটাৎ করে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে বাসটি। পাশাপাশি কুয়াশা থাকার কারণে পথ ভুলে জঙ্গলে ঢুকে যায় বাস। একটি প্রকান্ড গাছের সঙ্গে ধাক্কা খায় সেটি। এরপরেই বাসটির যাত্রীরা সাহায্যের জন্য আর্তনাদ করেন। যে এলাকায় বাসটি ঢুকেছিল নিয়ন্ত্রণ হারিয়ে সেই স্থানে বন্য জন্তুদের অবাধ যাতায়াত লেগে থাকে বলে জানা যায় বন দফতর সূত্রে।বন্য জন্তুদের থেকে যাত্রীদের রক্ষা করা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায় বনকর্মীদের কাছে। চিলাপাতা এবং কোদাল বস্তি রেঞ্জের মোট পাঁচটি গাড়ি উদ্ধার কাজে অংশ নিয়েছে। যাত্রীদের উদ্ধার করে চিলাপাতা রেঞ্জে নিয়ে আসা হয় বলে জানা যায়।

# নিউ জলপাইগুড়ি স্টেশন পরিদর্শন করলেন রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৬ জানুয়ারি : শুক্রবার নিউ জলপাইগুড়ি স্টেশন পরিদর্শন করলেন ভারতের রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। এদিন তিনি বিমানে করে দিল্লী থেকে বাগডোগরা বিমান বন্দরে নামেন ও পরে স্থলপথে নিউ জলপাইগুড়ি স্টেশনে পৌঁছান। নিউ জলপাইগুড়ি স্টেশনকে আন্তর্জাতিক মানের গড়ে তোলার লক্ষ্যে অমৃত ভারত প্রকল্পে কাজ হচ্ছে। এই কাজ পরিদর্শনের পর রেল মন্ত্রী বলেন বাংলার সার্বিক উন্নয়ন এর লক্ষ্যে রেল মন্ত্রক তেরো হাজার কোটি টাকা অনুমোদন দিয়েছে। বাংলার একাধিক রেল স্টেশনকে আন্তর্জাতিক মানের গড়ে তোলার লক্ষ্যে অমৃত ভারত প্রকল্পে কাজ হচ্ছে। নিউ জলপাইগুড়ি স্টেশনেও এই প্রকল্পে কাজ চলছে। এদিন নিউ জলপাইগুড়ি স্টেশনের কাজ পরিদর্শনের পর সন্তোষ প্রকাশ করে তিনি জানান রেল স্টেশনগুলির কাজ সম্পন্ন হয়ে যাবার পর বাংলার আর্থ সামাজিক উন্নয়নে পরিবর্তন ঘটবে। তিনি আরও জানান শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মালদহ থেকে বাংলার জন্য বারোটি নতুন ট্রেন পরিষেবার উদ্বোধন করবেন যা বাংলার।মানুষের জন্য প্রধানমন্ত্রীর উপহার। এদিন রেলমন্ত্রীর সাথে ছিলেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্তা, জলপাইগুড়ির সাংসদ জয়ন্ত রায়, ডাবগ্রাম ফুলবাড়ির বিধায়িকা শিখা চ্যাটার্জি সহ রেলের উচ্চপদস্থ আধিকারিকগন।

# বক্সার জঙ্গলে রয়েল বেঙ্গল টাইগার দেখা গেল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ জানুয়ারি : বক্সা টাইগার রিজার্ভে আবারও বাঘের উপস্থিতি, ক্যামেরায় ধরা পড়ল প্রাপ্তবয়স্ক পুরুষ বাঘবক্সা টাইগার রিজার্ভে ফের বাঘের উপস্থিতির গুরুত্বপূর্ণ প্রমাণ মিলল। চলতি ক্যামেরা ট্র্যাপিং কর্মসূচির সময় ১৫ জানুয়ারি ২০২৬ তারিখে একটি প্রাপ্তবয়স্ক পুরুষ বাঘের ছবি ক্যামেরাবন্দি হয়েছে। উল্লেখ্য, এর আগে বক্সা টাইগার রিজার্ভে বাঘের উপস্থিতির প্রমাণ মিলেছিল ২০২১ সালের ডিসেম্বর এবং পুনরায় ২০২৩ সালের ডিসেম্বরে ক্যামেরা ট্র্যাপের মাধ্যমে। বক্সা ব্যাঘ্র প্রকল্পের আধিকারিকরা এদিন জানান বক্সা জঙ্গলে ট্রাপ ক্যামেরায় বাঘের ছবি ধরা পড়েছে।

# শীতের ভোরে গরম চা ও জল দিয়ে যান চালকদের সচেতনতার বার্তা পুলিশের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৬ জানুয়ারি : শুক্রবার ভোরে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন সড়কে জেলা ট্রাফিক পুলিশ যান চালকদের গরম চা ও জল দিয়ে এক মানবিক উদ্যোগ গ্রহন করলো। ট্রাফিক পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে শীতের রাতে গাড়ি চালিয়ে চালকরা ক্লান্ত হয়ে পড়েন ও ভোরের দিকে তাদের চোখে নেমে আসে ক্লান্তির ঘুম। এই ক্লান্তিজনিত ঘুম ভাবের কারনে ঘটে পথ দূর্ঘটনা । শীতের ভোরে চালকদের ক্লান্তি জনিত ঘুম ভাব দূর করে পথ দূর্ঘটনা কমানোর লক্ষ্যে চালকদের হাতে জলের বোতল ও গরম চা তুলে দেওয়া হয়। পাশাপাশি শীতের রাতে গাড়ি চালানোর বিষয়ে তাদের সচেতনতার বার্তা দেওয়া হয়। শীতের রাতে ঘন কুয়াশায় দৃশ্যমানতা কম থাকে, এই সময় বিশেষ প্রয়োজন ছাড়া গাড়ি চালানো থেকে বিরত থাকা, গাড়ির গতি কম রাখা, অকারনে লেন পরিবর্তন না করা, দুটি গাড়ির মধ্যে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখা, ফগ লাইট ব্যবহার করা, হেড লাইট পরিষ্কার রাখা ও তার সঠিক ব্যবহার করা, পরিমান মতো জল পান করে নিজেদের হাইড্রেটেড রাখা, ওয়াইপার ব্যবহার করা, ট্রাফিক আইন মেনে গাড়ি চালানো প্রভৃতি বিষয়ে চালকদের সচেতন করা হয়। পথ দূর্ঘটনা কমানো ও পথ নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে এই উদ্যোগ বলে জানিয়েছে জেলা ট্রাফিক পুলিশ।

# প্রধানমন্ত্রীর সফরের আগে মালদহে গ্রেপ্তার গুলি ও আগ্নেয়াস্ত্র সহ এক যুবক





নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ১৬ জানুয়ারি : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মালদহে আসছেন শনিবার। প্রধানমন্ত্রীর সফরের আগে মালদহ জেলার রতুয়া থানার সামসী ফাঁড়ির পুলিশ আগ্নেয়াস্ত্র ও গুলি সহ গ্রেপ্তার করলো এক যুবককে। জানা গেছে বৃহস্পতিবার রাতে ব্যাগ কাঁধে নিয়ে এক যুবক সামসী রেল স্টেশন এলাকায় হেঁটে যাচ্ছিলো। যুবকের গতিবিধি দেখে পুলিশের সন্দেহ হয় ও যুবককে আটক করে পুলিশ যুবকের ব্যাগে তল্লাশী চালায়। তল্লাশীতে ব্যাগ থেকে উদ্ধার হয় দুটি পাইপগান ও পাঁচ রাউন্ড গুলি। উদ্ধার করা আগ্নেয়াস্ত্র ও গুলি বাজেয়াপ্ত করে যুবককে গ্রেপ্তার করে পুলিশ। প্রধানমন্ত্রীর সফরের আগে আগ্নেয়াস্ত্র ও গুলি সহ যুবকের গ্রেপ্তারের ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ধৃত যুবকের নাম উসমত রায় (২৬), সে ঝলঝলিয়ার বাসিন্দা। ধৃত যুবককে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে, সে কোথা থেকে কি উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র ও গুলি সংগ্রহ করেছে সেসব বিষয় খতিয়ে দেখছে পুলিশ। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে শুক্রবার ধৃতকে আদালতে পাঠিয়েছে পুলিশ।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |